

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
মিঠাপুকুর, রংপুর।

স্মারক নং-উশিঅ/মিঠা/রং/৬৬০

তারিখ: ১৯/১০/২০২২ খ্রি.


“প্রধান শিক্ষক পদে পদোন্নতি সংক্রান্ত নোটিশ”

অনলাইন থেকে সংগৃহীত সমন্বিত গ্রেডেশন তালিকা অফিসের ওয়েব সাইটে এবং অফিসের নোটিশ বোর্ডে সকলের অবগতির জন্য প্রকাশ করা হয়েছে। তালিকায় কারও কোন অসংগতি পরিলক্ষিত হলে আগামী ২৩/১০/২০২২ খ্রি. তারিখের মধ্যে প্রয়োজনীয় প্রমানকসহ লিখিতভাবে অফিসে দাখিল করার জন্য বলা হলো। ২৩/১০/২০২২ তারিখের পর আর কোন অভিযোগ গ্রহন করা হবে না।

তাছাড়া গ্রেডেশন তালিকায় ক্রমিক নম্বর ০১ থেকে ১৫০ পর্যন্ত বর্ণিত শিক্ষকগণের মধ্যে যারা পদোন্নতি গ্রহনে অনিচ্ছুক মর্মে ইতঃপূর্বে আবেদনপত্র অফিসে দাখিল করেছেন তারা এবং অন্য কেহ পদোন্নতি গ্রহনে অনিচ্ছুক থাকলে তারাও (উভয়ের ক্ষেত্রে প্রযোজ্য) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ০৩ কপি আবেদনপত্র আগামী ২৩/১০/২০২২ তারিখের মধ্যে দাখিল করতে হবে।

ইহা ব্যতীত ০১ থেকে ১৫০ পর্যন্ত ক্রমিকের মধ্যে পদোন্নতি গ্রহনে ইচ্ছুক শিক্ষকগণ নিম্নবর্ণিত কাগজপত্র ০৩ কপি করে আগামী ২৫/১০/২০২২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে অফিসে দাখিল করতে বলা হলো।

- (১) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২য় শ্রেণির পদে পদোন্নতি প্রস্তাবের চেক লিষ্টের প্রযোজ্য ক্ষেত্রের চাহিত কাগজপত্রাদি ০৩ কপি করে দাখিল করতে হবে।
- (২) বিগত ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত ০৫(পাঁচ) বছরের এসিআর ০৩ কপি করে।
- (৩) শিক্ষাগত যোগ্যতার সনদ সমূহ ০৩ কপি করে।
- (৪) প্রশিক্ষণ সনদ (সিইনএড/ডিপি-ইন-এড/বি.এড/এম.এড) ০৩ কপি করে।
- (৫) বিভাগীয়/ফৌজদারী/দুদকের মামলা নেই বা ইতঃপূর্বে এ ধরনের কোন মামলায় শাস্তি প্রাপ্ত নন এই মর্মে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন/অংগীকার নামা-০৩ কপি করে।


(মো: আনোয়ারুল ইসলাম)
উপজেলা শিক্ষা অফিসার
মিঠাপুকুর, রংপুর।

অনুলিপি:

- (১) বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
- (২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রংপুর।
- (৩) অফিসের নোটিশ বোর্ড।